৩/৮/২০০৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১৩ কলাম ... ২......

# লোহাগড়ায় ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ১৩ মাস বেতন বন্ধ

লোহাগড়া (নড়াইল) হইতে সংবাদদাতা ঃ লোহাগড়া উপজেলার ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের ১৩ মাস যাবৎ বেতন ভাতা বন্ধ। জানা গিয়াছে, ২০০০ সালের জুন মাসে শিক্ষা মন্ত্রণালয় হইতে ২ জন কর্মকর্তা শিক্ষা প্রতিষ্ঠানগুলি অডিট করিতে আসেন। কর্মকর্তাদের মোটা অংকের উৎকোচের দাবী ছিলো। কিন্তু শিক্ষকরা তাহা দিতে অস্বীকার করেন। ফলে শিক্ষকদের ভাগ্যে নামিয়া আসে বেতন না পাওয়া যন্ত্রণা। দিনের পর দিন মাসের পর মাস তাহাদের বেতন ভাতা বন্ধ রহিয়াছে। সাবেক শিক্ষামন্ত্রী দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য কর্মকর্তাদের নির্দেশ দিলেও কোন কাজ হয় নাই।

অসহায় শিক্ষক-শিক্ষিকারা দীর্ঘদিন বেতন-ভাতা না পাইয়া মানবেতর জীবনযাপন করিতেছেন। কে ডি আর কে স্কুলের প্রধান শিক্ষক ইতিমধ্যে মারা গিয়াছেন। ইহাছাড়া আরও কয়েকজন শিক্ষক অসুস্থ হইয়া পড়িয়াছে। টাকার অভাবে তাহাদের চিকিৎসা হইতেছে না। উর্ধ্বতন কর্তৃপক্ষ কয়েকবার বেতন দেওয়ার আশ্বাস প্রদান করিলেও অদ্যাবধি শিক্ষকগণ, বেতন ভাতা হইতে বঞ্চিত রহিয়াছেন।

## বাড়ীর মালিককে অস্ত্রের মুখে জিম্মি করিয়া ডাকাতি

লোহাগড়া উপজেলা শালনগর ইউনিয়নের পারশালনগর গ্রামের মুজিবুর রহমানের বাড়ী গত ১৫ই জুলাই রাতে ১০/১২ জনের একদল ডাকাত হামলা চালাইয়া নগদ ১০ হাজার টাকাসহ প্রায় ৪০/৫০ হাজার টাকার মালামাল লুট করিয়া নিয়া গিয়াছে। এ সময় বাড়ীর মালিক মুজিবর রহমান, তাহার স্ত্রী এবং পুত্র মিজান (৩৫)কে ডাকাতরা পিটাইয়া জখম করেন। এ ব্যাপারে থানায় অভিযোগ করা হইয়াছে।

## আসামী ধরিতে গিয়া দারোগা প্রহৃত

গত ২২শে জুলাই সকালে লোহাগড়া থানা পুলিশ ছাত্রলীগের নেতাকে গ্রেফতার করিতে গিয়া আহত হইয়াছেন। এ ব্যাপারে থানায় মামলা হইয়াছে। পুলিশ সূত্রে প্রকাশ, লোহাগড়া থানার সহকারী দারোগা এমরান হোসেনসহ একদল পুলিশ লক্ষীপাশা ও রাজপুর এলাকার তালিকাভুক্ত সন্ত্রাসীদের আটকের জন্য যায়। পুলিশ দেখিয়াই লক্ষীপাশার ছাত্রলীগের থানা যুগ্ম আহ্বায়ক হাসান খান দৌড়াইয়া একটির বাড়ির মধ্যে ঢুকিয়া পড়ে। সেখানে সহকারী দারোগা হাসানকে গ্রেফতার করিলে হাসানের ভাই-বোন ক্ষিপ্ত হইয়া সহকারী দারোগাকে পিটাইয়া জখম করে। পুলিশ সদস্যরা হাসানকে গ্রেফতার করিয়া এবং এমরানকে উদ্ধার করিয়া লোহাগড়া হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করে।